প্রখ্যাত চিকিৎসক ডা. তাহির ও মিসবাহ’র মৃত্যুতে কানাইঘাট প্রেসক্লাবের শোক

কানাইঘাট প্রতিনিধিঃ আর্ন্তজাতিক খ্যাতিসম্পন্ন দেশের প্রথিতযশা মেডিসিন বিশেষজ্ঞ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ^বিদ্যালয়ের (বিএসএমএমইউ) সাবেক ভিসি কানাইঘাটের রতœ◌াগর্ভা সন্তান অধ্যাপক ডা. মো. তাহির এবং বিশিষ্ট ব্যবসায়ী সমাজসেবী প্রেসক্লাবের আজীবন সদস্য মিসবাহুল ইসলাম চৌধুরীর মৃত্যুতে শোকাহত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা ও মরহুমদ্বয়ের আত্মার মাগফেরাত কামনা করে শোক প্রকাশ করেছেন, কানাইঘাট প্রেসক্লাব নেতৃবৃন্দ।

এক শোক বার্তায় প্রেসক্লাবের সভাপতি রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল ও সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন বলেন, প্রখ্যাত চিকিৎসক অধ্যাপক ডা. মো. তাহির দেশের একজন প্রথিতযশা ব্যক্তি ছিলেন। বাংলাদেশের চিকিৎসাঙ্গনে তাঁর অবদান জাতি সব-সময় শ্রদ্ধার সাথে স্মরণ রাখবে। কানাইঘাটের বাসিন্দা হিসেবে তিনি সব-সময় এলাকার মানুষকে চিকিৎসা সেবা প্রদান করতেন এবং জন্মভূমি কানাইঘাটের মানুষের প্রতি তাঁর অপরিসীম ভালোবাসা ছিল। মৃত্যুর আগ পর্যন্ত তিনি এলাকার মানুষের কল্যাণে অনেক ভালো কাজ করে গিয়েছেন। তাঁর মৃত্যুতে দেশবাসী একজন গুণী চিকিৎসক এবং কানাইঘাটবাসী তাঁদের একজন অভিভাবককে হারিয়েছেন, যা সহজে পূরণ হওয়ার মতো নয়। তাঁর শোকাহত পরিবারের গভীর সমবেদনা এবং মরহুমের আত্মার মাগফেরাত কামনা করছি।

অপরদিকে প্রেসক্লাবের আজীবন সদস্য কানাইঘাটের দর্পনগর গ্রাম নিবাসী বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবী মিসবাহুল ইসলাম চৌধুরীরও মৃত্যুতে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা এবং মরহুমের আত্মার মাগফেরাত কামনা করেন ক্লাব নেতৃবৃন্দ।